গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৪৪৮ তারিখ: ১৪ মার্চ ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ফেব্রুয়ারি ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৭ মার্চ ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত ফেব্রুয়ারি ২০১৯ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক বিগত মাসের প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ার সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ায় মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন এবং এর ধারাবাহিকতা ধরে রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ও<br>পরিচালক (আইআরপি) |
| ২.০ | মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান ও এতদসংক্রান্ত অন্যান্য কার্যাদি। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত মঞ্জুরীকৃত অর্থ ইএফটি'র মাধ্যমে মৃত কর্মীর পরিবারের একাউন্টে সরাসরি প্রদানের বিষয়ে হিসাব শাখা হতে সংশ্লিষ্ট সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস(ডিইএমও)কে পত্রের মাধ্যমে অবহিতকরণের বিষয়ে আলোচনা হয়।<br>প্রবাসে মৃত কর্মীর পরিবারকে মঞ্জুরীকৃত অর্থ প্রদান সংক্রান্ত ইএফটি সিস্টেম চালু হওয়ায় এখন থেকে প্রস্তাবিত নথিসমূহে "চেকের" পরিবর্তে "ইএফটি" শব্দটি উল্লেখপূর্বক নথি উপস্থাপন করার জন্য পরিচালক (অর্থ ও কল্যাণ) সভায় আলোচনা করেন।<br>এছাড়াও মালয়েশিয়া ও মালদ্বীপ এ প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে ইতঃপূর্বে গৃহীত সিদ্ধান্তে জন্ম তারিখ ১৯৮৫ এর পূর্বে হলেও বিদেশ গমনের স্থায়ীত্ব বিবেচনা করে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইএফটির মাধ্যমে মৃত কর্মীর পরিবারের একাউন্টে সরাসরি অর্থ প্রদানের বিষয়ে হিসাব শাখা হতে সংশ্লিষ্ট সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)-কে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।<br>(খ) এতদবিষয়ে প্রস্তাবিত নথিসমূহে "চেকের" পরিবর্তে "ইএফটি" শব্দটি উল্লেখপূর্বক নথি উপস্থাপন করতে হবে।<br>(গ) মালয়েশিয়া ও মালদ্বীপ এ প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে ইতঃপূর্বে গৃহীত সিদ্ধান্তে জন্ম তারিখ ১৯৮৫ এর পূর্বে হলেও বিদেশ গমনের সন, তারিখ বিবেচনা করে আর্থিক অনুদান প্রদান করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ও<br>পরিচালক (আইআরপি)<br>-ঐ-<br>-ঐ- |
| ৩.০ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে মতবিনিময় সভা। | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে অনুষ্ঠেয় মতবিনিময় সভা এ মাসে অর্থাৎ মার্চ ২০১৯ এর ১৯ থেকে ২২ তারিখের মধ্যে যে কোনো তারিখ নির্ধারণপূর্বক সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুষ্ঠেয় মতবিনিয়ম সভা এ মাসে অর্থাৎ মার্চ ২০১৯ এর ১৯ থেকে ২২ তারিখের মধ্যে যে কোনো তারিখ নির্ধারণপূর্বক সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.০ | ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রবাসী অধ্যুষিত এলাকা যথাক্রমে কক্সবাজার, কুমিল্লা ও সিলেটে এপ্রিল ২০১৯ এর মধ্যে ইনোভেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রবাসী অধ্যুষিত এলাকা যথাক্রমে কক্সবাজার, কুমিল্লা ও সিলেটে এপ্রিল ২০১৯ এর মধ্যে ইনোভেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | কর্মকর্তা/কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবার পাশাপাশি কিছু জরুরি ঔষধ সংরক্ষণ। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক স্থাপিত হেলথকেয়ার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের পাশাপাশি কিছু জরুরি ঔষধ সংরক্ষণের বিষয়ে আলোচনা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক স্থাপিত হেলথকেয়ার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানের পাশাপাশি কিছু জরুরি ঔষধ সংরক্ষণ করবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬.০ | প্রবাসী কল্যাণ ভবনের ছাদে প্রাকৃতিক সৌন্দর্য বর্ধনের পাশাপাশি কৃষি কর্মসূচি । | প্রবাসী কল্যাণ ভবনের ছাদে প্রাকৃতিক সৌন্দর্য বর্ধনের পাশাপাশি কৃষি কর্মসূচি পালনের নিমিত্ত বনজ, ফলজ, ঔষধি গাছসহ সবজি বাগান (ওপেন রোফ টপ) তৈরীর লক্ষ্যে উপ-পরিচালক মুহাঃ হাবিবুল্লাহ বাহার একটি প্রস্তাব উপস্থাপন করেন। উক্ত প্রস্তাবে মহাপরিচালক সহমত প্রকাশ করে বলেন যে, প্রস্তাবিত বিষয়ে যথার্থতা যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যায়। সভায় এ বিষয়ে আলোচনা হয়। | প্রবাসী কল্যাণ ভবনের ছাদে প্রাকৃতিক সৌন্দর্য বর্ধনের পাশাপাশি কৃষি কর্মসূচি পালনের নিমিত্ত বনজ, ফলজ, ঔষধি গাছসহ সবজি বাগান (ওপেন রোফ টপ) তৈরীর লক্ষ্যে যথার্থতা বিবেচনা যাচাই করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৭.০ | প্রবাসী কর্মী ও তাঁর পরিবারের কল্যাণে জমি ক্রয়। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের কল্যাণে ঢাকার অদূরে জমি ক্রয়ের বিষয়ে মহাপরিচালক জানতে চাইলে উপ-পরিচালক মুহাঃ হাবিবুল্লাহ বাহার জানান যে, ইতোমধ্যে সাতারকুল (বাড্ডা), তিনশত ফিট রাস্তার পাশে (পূর্বাচল সংলগ্ন) এবং উত্তরায় সরেজমিনে জমি পরিদর্শন করা হয়েছে। কিছু কিছু জমির কাগজপত্রাদিও সংগ্রহ করা হয়েছে। এ বিষয়ে আরো অধিকতর যাচাই করা হচ্ছে। মহাপরিচালক গঠিত কমিটিকে যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের কল্যাণে জমি ক্রয়ের বিষয়ে গঠিত কমিটি যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৯।